# অন্তর্ভুক্তিমূলক নির্বাচন গড়তে সকল শ্রেণির সক্রিয় অংশগ্রহণ জরুরি: ইসি সানাউল্লাহ



সংগৃহীত ছবি

নির্বাচন কমিশনার অবসরপ্রাপ্ত ব্রি. জে. আবুল ফজল মো. সানাউল্লাহ বলেছেন, একটি অন্তর্ভুক্তিমূলক নির্বাচন আয়োজনের জন্য সমাজের সব শ্রেণির মানুষের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। প্রতিবন্ধী, শারীরিকভাবে অক্ষম, প্রবাসী ও কারাবন্দীদের জন্য ভোটদানের সুযোগ ও পরিবেশ তৈরিতে নির্বাচন কমিশন কাজ করছে।

অন্তর্ভুক্তিমূলক নির্বাচন শুধু রাজনৈতিক দলের অংশগ্রহণেই সীমাবদ্ধ নয়, এতে জনগণের প্রতিটি শ্রেণির অংশগ্রহণও সমানভাবে গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেছেন নির্বাচন কমিশনার অবসরপ্রাপ্ত ব্রি. জে. আবুল ফজল মো. সানাউল্লাহ।

তিনি বলেন, “নির্বাচন তখনই সফল হবে, যখন শারীরিকভাবে অক্ষম, প্রতিবন্ধী, প্রবাসী কিংবা কারাগারে থাকা ভোটারসহ সকলেই ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।” এজন্য ভোটকেন্দ্রগুলোতে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

LENS ASIA

রোববার (৩১ আগস্ট) রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত ‘ন্যাশনাল কনসালটেশন অন ইনক্লুশন অব পারসনস উইথ ডিজ্যাবিলিটিস ইন ইলেকটোরাল প্রসেস’ শীর্ষক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

তিনি আরও যোগ করেন, “একসময় মানুষ নির্বাচন থেকে বিমুখ হয়ে গিয়েছিলো। আমরা আবার সেই আস্থা ও পরিবেশ ফিরিয়ে আনতে কাজ করছি।”

এসময় নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদ বলেন, প্রতিবন্ধী ভোটারদের অংশগ্রহণ নিশ্চিত করতে আইনগত ও প্রশাসনিক সব ধরনের সহযোগিতা দেওয়া হবে। তিনি আরও উল্লেখ করেন, তাদের নির্বাচনে অংশগ্রহণে সাংবিধানিক কোনো প্রতিবন্ধকতা নেই।